

## আর্থ ক্লাবের পরিচিতি



হ্যালো ছেলেমেয়েরা, আজকের ক্লাসে আমি তোমাদের আর্থ ক্লাবের সাথে পরিচয় করিয়ে দিব। আর্থ ক্লাব প্রতিষ্ঠা করা হয়েছে স্কুলে দুর্যোগ প্রতিরোধের জন্য। তোমরা কি জানো, শ্রেনীকক্ষে থাকাকালীন কোন দুর্যোগ হলে আমাদের কি করা উচিত? দুর্যোগের সময়ে আমাদের কি করণীয়, আর্থ ক্লাব তা শেখাবে। আজকের ক্লাসে আমরা কি আর্থ ক্লাবের একটি কাজ যেমন, শ্রেনীকক্ষে থাকাকালীন ভূমিকম্প হলে আমাদের কি করণীয়, তা করবো?



হ্যালো শিক্ষক, আমি জানি! পড়ন্ত বস্তু হতে নিজের মাথা ও শরীর রক্ষা করতে আমাদের উচিৎ টেবিলের নীচে লুকানো, এবং ঝাঁকুনি বন্ধ হলে দ্রুত শ্রেনীকক্ষের বাইরে চলে যাওয়া। কিন্তু, এই ক্ষেত্রে কিছু নিয়ম মেনে চলা প্রয়োজন। তা না হলে, ঐ সময়ে আমরা একইসাথে অনেক ছাত্রছাত্রী দৌড়ে প্রধান প্রবেশদ্বারে যাবো। ফলে আমরা সবাই দ্রুত বাইরে বের হতে পারবো না এবং আমাদের কেউ কেউ আহতও হতে পারে।



হ্যালো শিক্ষক, আমি আগে একবার আর্থ ক্লাবে যোগদান করেছিলাম। ক্লাবে আমরা শুধু দ্রুত বের হওয়ার নিয়মই শিখি নাই, নিয়ম মেনে দ্রুত বের হওয়া বিষয়ে আমরা মহড়াও করেছি। স্কুল মাঠে আমার বাবা-মা আমার জন্যে অপেক্ষা করছিলো এবং তাদের সাথে আমি বাড়ি ফিরে যাই। আমার বাবা-মা আরও বলেছিলো যে, এই মহড়া ভবিষ্যতে নিজেকে কিভাবে রক্ষা করতে হবে তা পুনরায় মনে করিয়ে দেবে। আমি শহরের ম্যাপও তৈরি করেছি যেখানে ঝুঁকিপূর্ণ স্থান ও নিরাপদে বের হওয়ার রাস্তাগুলো চিহ্নিত করা হয়েছে।



পি,ডব্লিউ,ডি কে প্রযুক্তি স্থানান্তর বিষয়ক জাইকা (জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি) এর একটি প্রকল্প রয়েছে। এই প্রকল্পের আওতায় ঢাকার আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়ে সবাই ক্লাব গঠন করা হয়। এই ক্লাবের সদস্যরা স্কুলে দুর্যোগ প্রতিরোধের বিভিন্ন কার্যক্রম তৈরি করেছে যা অন্যান্য স্কুলের জন্য দৃষ্টান্ত হিসেবে কাজ করবে।



আর্থ ক্লাবের সবচেয়ে ভালো দিক হোলো এর কর্মকাণ্ড গুলোর পরিচালনা ও প্রচারণা আমরা নিজেরাই করি। দুর্যোগ প্রতিরোধে আমাদের গুরুত্ব অনেক বেশী। আমরা এই কর্মকাণ্ড গুলো চালিয়ে যেতে চাই এবং আমরা নিশ্চিত যে দুর্যোগে আমরা নিজেদেরকে রক্ষা করতে পারবো।



আমরা তাহলে জরুরী বের হওয়ার মহড়া দিতে পারি? আহ, ভূমিকম্প শুরু হয়েছে! তাড়াতাড়ি সবাই টেবিলের নীচে যাও। থাম... দরজার কাছাকাছি যারা আছো তারা আগে বের হও। সবায় লাইন মেনে চলো, এখন তোমার পালা। ভয় পেয়ো না! আমি আছি! আমি সবার শেষে বের হবো। মুখ বন্ধ রাখো যাতে ধুলোবালি মুখে না যায়।



হ্যালো ছেলেমেয়েরা। খুব ভালো করেছা মনে রেখো, দুর্যোগ প্রতিরোধে প্রস্তুতি খুবই গুরুত্বপূর্ণ। চিন্তা করো কিভাবে আমরা প্রস্তুতি নিতে পারি। আশাকরি তোমরা এই মহড়া ও দুর্যোগ সম্পর্কে বাড়িতে আলোচনা করবে। আর যদি তোমাদের ছোট ভাইবোন থাকে, তাহলে পরিবারের সদস্য হিসেবে তাদেরকে রক্ষা করার কথাও চিন্তা করবে।



আর্থ ক্লাবের সদস্যরা



বহির্গমনের মহড়া



অন্য একটি স্কুলে আর্থ ক্লাবের সেমিনার



অন্য একটি স্কুলে নতুন আর্থ ক্লাব



জাইকা প্রকল্প হতে নির্দেশিকা বিতরণ



আর্থ ক্লাবে স্কুলের প্রধান শিক্ষকের মহান অবদান